22

তারিখ 15 SEP 1996
পৃষ্ঠা ৭ কলাম ৮

দৈনিক সংবাদ



*খুলনা ঃ উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরি ভবন।* — সংবাদ

### খুলনার উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরি

# ডাঃ মানাফ গবেষণা পাঠ কক্ষের আনুষ্ঠানিক উদ্বোধন

খুলনা, ১৪ই সেপ্টেম্বর (নিজস্ব বার্তা পরিবেশক)।– খুলনা মহানগরীর খ্যাতনামা উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরির 'ডাঃ মানাফ গবেষণা পাঠকক্ষের' আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব, ক্রীড়া এবং সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের।

এ উপলক্ষে উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরি মিলনায়তনে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লাইব্রেরির সহ-সভাপতি এ, কে, এম মাহবুব-উল-আলম। বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন হুইপ মোস্তফা রশিদী সুজা। অন্যদের মধ্যে বক্তৃতা করেন ডাঃ এম, এ মানাফ, অধ্যাপক আজিজ হাসান ও মকবুল হোসেন মিন্টু।

খুলনার বিশিষ্ট চিকিৎসক, সাহিত্যিক ও গ্রন্থপ্রেমী ডাঃ এম, এ মানাফ এ পর্যন্ত তার ব্যক্তিগত সংগ্রহের প্রায় ৭ হাজার বই এবং দুই হাজার পত্র-পত্রিকা লাইব্রেরিতে দান করেছেন। এর মূল্য ৭ লাখ টাকার বেশি। এই গ্রন্থ নিয়ে লাইব্রেরি ভবনের তিন তলায় 'ডাঃ মানাফ গবেষণা পাঠকক্ষ' চালু করা হল। সাহিত্য ও সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে গবেষণার সুযোগ সৃষ্টির লক্ষ্যে এ পাঠকক্ষ। তরুণ গবেষকদের উৎসাহিত করার জন্য ফেলোশিপ দেয়ার চিন্তাভাবনা করা হচ্ছে।

উল্লেখ্য, ১৮৯৭ খ্রীষ্টাব্দের ৪ঠা ফেব্রুয়ারিতে খুলনা শহরের তৎকালীন সুধী সমাজের বৈঠকে গৃহীত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে একই বছরের ১লা মে তারিখে নড়াইলের তৎকালীন জমিদার কিরণ চন্দ্র রায়ের অর্থানুকূল্যে তার পিতৃব্য প্রয়াত উমেশ চন্দ্র রায়ের নাম ধারণ করে খুলনা পৌরসভার একটি ছোট্ট কক্ষে লাইব্রেরির কার্যক্রম শুরু হয়। বর্তমানে একটি তিনতলা ভবনে ২৭ হাজারের বেশি বই ও পত্র-পত্রিকা নিয়ে লাইব্রেরিটি পুরোদমে চালু আছে।